




আদিবাসী নৃত্যশিল্পীদের সঙ্গে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। রয়েছেন মন্ত্রী জ্যোৎস্না মান্ডি ও তৃণমূল প্রার্থী ঠাকুরমণি সোরেন। ডানদিকে, দলীয় প্রার্থীদের সঙ্গে পরিচয় করিয়ে দিচ্ছেন তৃণমূল নেত্রী। রয়েছেন প্রার্থী ঠাকুরমণি সোরেন, তনুশ্রী হাঁসদা, ফাল্গুনি সিংহবাবু, স্বপনকুমার মণ্ডল, ডাঃ অনুপ মণ্ডল ও উত্তম বাউড়ি। রাইপুরে, রবিবার। ছবি: আজকাল

# মুখ্যমন্ত্রীর শ্রদ্ধা

**আজকালের প্রতিবেদন**

বিশিষ্ট অভিনেতা, পরিচালক উৎপল দত্তকে শ্রদ্ধা জানালেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। রবিবার ছিল অভিনেতার জন্মদিন। এদিন মুখ্যমন্ত্রী সমাজমাধ্যমে লেখেন, 'বিশিষ্ট অভিনেতা, নাট্যকার এবং পরিচালক উৎপল দত্তের জন্মবার্ষিকীতে তাঁকে জানাই আমার বিনম্র শ্রদ্ধা।'

# আমরা শান্তি ফিরিয়েছি: মুখ্যমন্ত্রী

● ১ পাতার পর

এখন আর জঙ্গলমহলের মানুষকে পূর্বপুরুষের ভিটেমাটি ছেড়ে শহরে পালিয়ে যেতে হয় না। আমরা নিশ্চিত করেছি, যেন তাঁরা কাজ পান। যে কৃষকদের ১ একর জমি আছে, তাঁরা বছরে ১০ হাজার টাকা পান। যাঁদের ১ কাঠা জমিও আছে তাঁরাও বছরে ৪ হাজার টাকা পাচ্ছেন। ভূমিহীন কৃষকরা, যাঁরা আগে কোনও সাহায্য পেতেন না, তাঁরাও এখন ৪ হাজার টাকা পাচ্ছেন। আপনারা কি চান না, জন্ম থেকে মৃত্যু পর্যন্ত এই প্রকল্পগুলো চলুক? মন্দির, মসজিদ থেকে কবরস্থান— সব তৈরি করেছি আমরা।'

# মারার চক্রান্ত হচ্ছে: মমতা

● ১ পাতার পর

মনে রাখবেন, বিজেপি–শাসিত রাজ্যগুলিতেই আদিবাসী এবং মহিলাদের ওপর সবচেয়ে বেশি অত্যাচার হয়। উত্তরপ্রদেশ, রাজস্থান এবং মধ্যপ্রদেশে এর অবস্থা আরও ভয়াবহ। আমাদের রাজ্যের মানুষ যদি বিজেপি–শাসিত রাজ্যে কাজ করতে যান এবং বাংলায় কথা বলেন, তাঁদের মারধর করা হয়। আমরা অন্য রাজ্য থেকে আসা মানুষের সঙ্গে এমনটা করি না।'

# ৮৩ বিডিও, ১৮৪ ওসি বদলি এবার

● ১ পাতার পর

এর দু–চার দিনের মধ্যে রাজ্য প্রশাসনের গুরুত্বপূর্ণ দায়িত্বে থাকা ৪২ আইএএস, আইপিএসকে সরিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছিল কমিশন। ভোটের পাশাপাশি রাজ্য সরকারকে যে উন্নয়ন–সহ জনস্বার্থে গুরুত্বপূর্ণ কাজ জারি রাখতে হয় তার কী হবে, এ প্রশ্নই তুলেছেন প্রশাসনিক আধিকারিকরা। ভোটের সময় রাজ্যের স্বরাষ্ট্রসচিবকে সরিয়ে দেওয়ার নিদর্শন আগেও দেখা গিয়েছে। কিন্তু মুখ্যসচিবকে কমিশন ভোটের আগে সরিয়ে দিয়েছে, এমন ঘটনা এ রাজ্যে কখনওই ঘটেনি। পাশাপাশি সরিয়ে দেওয়া হয় রাজ্য পুলিশের তৎকালীন ডিজি পীযূষ পান্ডে এবং কলকাতা পুলিশ কমিশনার সুপ্রতিম সরকারকে। দক্ষিণবঙ্গ ও উত্তরবঙ্গের দুই এডিজিকেও সরিয়ে দেয় কমিশন। হাওড়া, আসানসোল–দুর্গাপুর, ব্যারাকপুর ও চন্দননগর পুলিশ কমিশনারেটের কমিশনার–সহ ১৯টি জেলার পুলিশ সুপারকে সরিয়ে দেওয়া হয়েছিল।

ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এ নিয়ে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকেও চিঠিও দেন। পাশাপাশি বলেছিলেন, 'যে ঘটনাপ্রবাহ চলেছে, নির্বাচন কমিশন বাংলাকে নিশানা করেছে। শুধু নিশানাই নয়, যে পরিস্থিতি তৈরি করা হচ্ছে তা অভাবনীয় এবং অত্যন্ত উদ্বেগজনক। রাতারাতি মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, ডিজি, সিপি–র মতো পদাধিকারীদের সরিয়ে দেওয়া হয়েছে। এমনকী আইজি, ডিআইজি পর্যায়ে একই কাজ করা হয়েছে। জেলাশাসকদেরও সরানো হয়েছে। এই পদক্ষেপ রাজনৈতিক অভিসন্ধিমূলক।'

# টুম্পা কয়াল বিজেপিতে

**বিজেপিতে যোগ দিলেন কামদুনির টুম্পা কয়াল। রবিবার নবদিগন্তে বিজেপির দপ্তরে তিনি পতাকা নিয়ে যোগদান করেন। তাঁর হাতে পতাকা তুলে দেন রাজ্য বিজেপির সাধারণ সম্পাদক লকেট চ্যাটার্জি। একইসঙ্গে এদিন বিজেপিতে যোগ দিয়েছেন প্রাক্তন পুলিশকর্তা শর্বরী ভট্টাচার্য এবং শিক্ষক প্রবীণকুমার সিংও। বিজেপিতে যোগ দিয়ে টুম্পা বলেন, '২০১৩ সাল থেকেই বিজেপি আমাদের সঙ্গে ছিল।'**

# ছিনতাই করা মোবাইলে অনলাইন শপিং

**বড়বাজার এলাকায় এক ব্যক্তির মোবাইল ফোন ছিনতাই করে সেই ফোনের অনলাইন পেমেন্ট অ্যাপ ব্যবহার করে কেনাকাটা করার অভিযোগ। তদন্তে নেমে এক যুবককে গ্রেপ্তার করলেন লালবাজারের ছিনতাই দমন শাখার গোয়েন্দারা। ধৃতের নাম ইরশাদ আশরাফ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, গত ২১ মার্চ বড়বাজারের রাস্তায় এক ব্যক্তির মোবাইল ফোন ছিনতাই করে পালায় ইরশাদ। এরপর সেই ফোনে থাকা অনলাইন পেমেন্ট ব্যবস্থার সুযোগ নিয়ে সে ৬ হাজার ৭৬০ টাকার শপিং করে।**

# ২৯৪ আসনে আমিই প্রার্থী

● ১ পাতার পর

ডিএম অফিস থেকে তালিকা নিন এবং সঠিক পদ্ধতি মেনে ট্রাইবুনালে আবেদন নিশ্চিত করুন। আমরা বিনামূল্যে আইনজীবী দেব। সমস্ত ট্রাইবুনাল কেন শুধু কলকাতায় হবে, জেলার মানুষ কী করবে?'

রাইপুরে বক্তৃতার শুরুতে এদিন মুখ্যমন্ত্রী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় এই জেলার ছাত্রছাত্রীদের বারে বারে অসাধারণ ফলাফলের কথাটি উল্লেখ করেন। বলেন, 'সেই কারণেই রাজ্যের ক্ষমতায় এসে প্রথম পাঁচ বছরেই এই জেলায় একটি বিশ্ববিদ্যালয় গড়ে দিয়েছি। যাতে জেলার ছেলেমেয়েদের উচ্চশিক্ষার কোনও সমস্যা না হয়। লক্ষ করেছি, কলকাতার অনেক ডাক্তারবাবুর আদি বাড়ি এই বাঁকুড়ায়।' তিনি বাঁকুড়ার আরও প্রশংসা করে বলেন, 'ক্ষুদ্র শিল্পের একেবারে ভরাহাট এই বাঁকুড়া জেলা। এখানকার বালুচরি শাড়ি জগৎবিখ্যাত। আমাদের সময়ে তা জিআই স্বীকৃতি পেয়েছে। এখানকার ডোকরা শিল্প, শঙ্খ শিল্প, কাঁসার বাসন শিল্প খুবই প্রশংসার। বিজেপির রাজত্বে দেশে ৪০ শতাংশ বেকারত্ব বেড়েছে। অথচ আমাদের রাজত্বে এ–রাজ্যে বেকারত্ব কমেছে ৪০ শতাংশ। এছাড়াও রাজ্যে চালু করা হয়েছে ন্যায্যমূল্যে ওষুধের দোকান। যেখান থেকে মানুষ মাত্র ৪০ শতাংশ দামে ওষুধ পাচ্ছেন। অথচ বিজেপি তাদের দেওয়া কোনও কথা রাখতে পারেনি। ওরা বলেছিল, বছরে দু'কোটি মানুষকে চাকরি দেবে। চাকরি দেওয়া তো দূরের কথা, চাকরি পাওয়ার সুযোগগুলি পর্যন্ত নষ্ট করে দিয়েছে। বিজেপি এখন মেঘের আড়াল থেকে যুদ্ধ করছে। ওরা জানে না, বিদ্যুতের ঝলকানিতে ওদের এই ষড়যন্ত্র ছারখার হয়ে যাবে।'

# ২ ছেলে-সহ নিজের নাম 'বিচারাধীন', পরে বাদ, দুশ্চিন্তায় মৃত্যু বৃদ্ধের

**দিব্যেন্দু ভৌমিক**
কোচবিহার, ২৯ মার্চ

প্রথমে 'বিচারাধীন', পরে নিজের নাম 'ডিলিটেড'। দুই ছেলের নামও অবশেষে বাদ। এই নিয়ে বেশ কয়েকদিন ধরে দুশ্চিন্তায় ছিলেন। তারপরই শনিবার হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে মারা যান কোচবিহার–২ ব্লকের চকচকা গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা সুভাষচন্দ্র রায়। এই অভিযোগ দুই ছেলে ও প্রতিবেশীদের। যদিও এই বিষয়ে নির্বাচন কমিশন অথবা প্রশাসনের কোনও বক্তব্য মেলেনি।

খবর পেয়ে রবিবার মৃত সুভাষচন্দ্র রায়ের বাড়িতে যান কোচবিহার উত্তর বিধানসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী পার্থপ্রতিম রায়। কথা বলেন পরিবারের সঙ্গে। ট্রাইব্যুনালের ফর্ম ফিলাপ করে মৃত সুভাষবাবুর দুই ছেলের নাম সেখানে পাঠানোর দায়িত্ব দেন দলীয় কর্মীদের। পার্থপ্রতিম রায় জানান, কোচবিহার উত্তর বিধানসভার চকচকা গ্রাম পঞ্চায়েত এলাকার বড়গিলা ৩/২৮১ নম্বর বুথে নির্বাচনী প্রচারে বেরিয়ে শুনলাম সুভাষ রায় ৬৫ বছর বয়সি এক বৃদ্ধ, তাঁর নিজের ও তাঁর দুই ছেলের নাম ডিলিটেড হয়েছে ভোটার তালিকায়। পরিবারের দাবি, এই আতঙ্কেই তিনি মারা যান। আজ সেই পরিবারের সঙ্গে দেখা করি। কথা বলি সুভাষবাবুর দুই ছেলের সঙ্গে, যাঁদের নামও ডিলিটেড হয়েছে। এই অন্যায়ের বিরুদ্ধে জোট বেঁধেছে কোচবিহার উত্তর বিধানসভা। এবার বিজেপি বিধায়ককেই রাজনৈতিক ভাবে ডিলিট করবেন তাঁরা।

সুভাষচন্দ্রের ছেলে সুমন বলেন, 'মায়ের নাম আছে অথচ আমাদের নাম নেই। দুশ্চিন্তায় বাবাও চলে গেলেন।'



মৃত সুভাষচন্দ্র রায়ের বাড়িতে কোচবিহার উত্তর বিধানসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী পার্থপ্রতিম রায়। রবিবার। ছবি: প্রসেনজিৎ শীল

# অনুপ্রবেশকারী নিয়ে শাহকে বিঁধল তৃণমূল

**আজকালের প্রতিবেদন**

বাংলায় রোহিঙ্গা রয়েছে, এমনই প্রচার করছিল বিজেপি। অথচ নির্বাচন কমিশন একজনকেও খুঁজে পায়নি। রাজ্যে প্রচারে এসে রোহিঙ্গা প্রসঙ্গ তুলে অনুপ্রবেশকারী ঢুকেছে বাংলায়— এমন অনেক কথাই বলতেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এবার সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস সমাজমাধ্যমে জানতে চাইল, কত রোহিঙ্গা পাওয়া গেল? অমিত শাহর সমালোচনা করে বলা হয়েছে, কত অনুপ্রবেশকারীর নাম বাদ গেছে, সেটা তো আপনার নখদর্পণে থাকার কথা। আপনারাই তো এতদিন গলা ফাটিয়েছেন, বাংলায় নাকি ২ কোটি অনুপ্রবেশকারী লুকিয়ে রয়েছে। এখন সেই দায় নির্বাচন কমিশনের ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন? নির্বাচন কমিশন যে বিজেপির অঙ্গুলিহেলনে বি টিম হিসেবে কাজ করছে, সেটা বাংলার সবাই জেনে গেছে। বাংলার ৬০ লক্ষ মানুষের নাম বিচারাধীন অবস্থায় রেখে দিয়েছেন। আসলে, রাজনীতি করতে গিয়ে আপনারা মানবিকতা ও মনুষ্যত্ব— দুটোই হারিয়ে ফেলেছেন।

# শাহকে নিয়ে ভিডিও

**আজকালের প্রতিবেদন**

বাংলায় এসে অমিত শাহ তৃণমূলকে চার্জশিট দিচ্ছেন, অথচ তিনিই দেশের ব্যতিক্রমী স্বরাষ্ট্রমন্ত্রী, যাঁর নামেই চার্জশিট ছিল। অমিত শাহকে আক্রমণ করে তথ্য–সহ একটি ভিডিও ক্লিপিংস প্রকাশ করেছে সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস। অমিত শাহ কী কী কাজ করেছেন, বিজেপি বাংলার বিরুদ্ধে কী ধরনের চক্রান্ত ও অসম্মান নামিয়ে এনেছে— ভিডিওতে তা দেখা গেছে। এটির শিরোনাম, 'মোটা ভাই জবাব চাই'। সেখানে বলা হয়েছে, অচ্ছে দিনের তিনটি গুণ/ চুরি, ধর্ষণ, মানুষ খুন। বাংলায় কথা বললে পরিযায়ী শ্রমিকদের ভিনরাজ্যে মারধর করা হয়। দুর্নীতির সর্দার, দিল্লির জমিদার। মোটা ভাই জবাব চাই। ছগন ভুজবল থেকে শুরু করে নবীন জিন্দল, শুভেন্দু অধিকারী— যাঁরাই নানা ঘটনায় অভিযুক্ত, বিজেপিতে যোগ দিয়ে তাঁরাই নির্দোষ হয়ে গেছেন। ওই ভিডিওতে দেখা গেছে, সিবিআই গ্রেপ্তার করে নিয়ে যাচ্ছে অমিত শাহকে। ইডি হাজার হাজার মামলা করলেও তার সাফল্য শূন্য দশমিক এক শতাংশ। মোটা ভাই জবাব চাই।

GOVERNMENT OF WEST BENGAL
DATE CORRIGENDUM NO. 7
To e-NIT No. WBIW/EE/SDD/e-NIT-9/2025-26, Sl. No. 02
Tender ID:- 2026_IWD_999699_2
In above e-NIT, for 01 (One) no of work, Last date of submission of bid (online) will be on 06.04.2026 at 13.00 Hrs. IST. Other details may be seen in the website www.wbtenders.gov.in and www.wbiwd.gov.in and in the office of the undersigned. Sd/- Executive Engineer, Suburban Drainage Division, Irrigation & Waterways Directorate
ICA-T7338(1)/2026

NOTICE INVITING TENDERS
Sealed tenders are invited from interested, bonafide & resourceful tenderers for providing Round-the-Clock Security Services in the premises of Shelter Co-operative Housing Society Ltd., VIP Road, Kolkata-700052.
Tenderers are requested to purchase the NIT documents (No SCHSL/Security/SS/2026/60; dated: 26.03.2026) by paying Rs. 500/- only from Society's office (alternatively NIT documents can be download from our website: www.shelteranupama.org, by paying Rs. 500/- only) and to submit their most competitive offer by 14:30 hours of 16.04.2026.
Secretary,
Shelter Co-operative Housing Society Ltd.
Annapurna Housing Complex
VIP Road, Kolkata

ইকোস্পেস ইনফোটেক প্রাইভেট লিমিটেড
CIN : U74999WB2012PTC179183
রেজিস্টার্ড ঠিকানা : ৭৪, বেন্টিঙ্ক স্ট্রিট, দ্বিতীয় তল, রুম নং ০২, লালবাজার (কলকাতা), কলকাতা–৭০০০০১, পশ্চিমবঙ্গ, ভারত
ই মেল আইডি: ecospaceinfotechpvtltd@yahoo.com
ফর্ম নং: আইএনসি–২৬
[কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–এর রুল ৩০ অনুযায়ী]
এক রাজ্য থেকে অপর রাজ্যে কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তরের জন্য সংবাদপত্রে প্রকাশিতব্য বিজ্ঞাপন
কেন্দ্রীয় সরকার, ইস্টার্ন রিজিয়ন, কলকাতা সমীপে
কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১৩ নং ধারার (৪) নং উপধারা এবং কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–এর রুল ৩০ সাব রুল (৫) ক্লজ (এ) সম্পর্কিত বিষয়
~ এবং ~
বিষয়: ইকোস্পেস ইনফোটেক প্রাইভেট লিমিটেড রেজিস্টার্ড অফিস: ৭৪, বেন্টিঙ্ক স্ট্রিট, দ্বিতীয় তল, রুম নং ০২, লালবাজার (কলকাতা), কলকাতা–৭০০০০১, পশ্চিমবঙ্গ, ভারত
..... পিটিশনার
এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, **১০ মার্চ, ২০২৬ তারিখে আয়োজিত উক্ত কোম্পানির বিশেষ সাধারণ সভায়** গৃহীত একটি বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১৩ নং ধারাধীনে **'পশ্চিমবঙ্গ রাজ্য' থেকে 'মহারাষ্ট্র রাজ্য'**–তে কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তরের উদ্দেশ্যে কোম্পানির সঙ্ঘস্মারক পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করার জন্য আবেদনকারী কোম্পানির তরফে কেন্দ্রীয় সরকার সমীপে একটি আর্জি পেশ করার প্রস্তাব আনা হয়েছে।
এই কোম্পানির রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত উক্ত স্থানান্তরে কারও স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা থাকলে তিনি/তাঁরা এমসিএ–২১ পোর্টাল (www.mca.gov.in)–তে ইনভেস্টর কমপ্লেন ফর্ম দাখিল করে কিংবা এই বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হওয়ার তারিখ থেকে চোদ্দ দিনের মধ্যে রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, কর্পোরেট ভবন, সপ্তম তল, প্লট নং ৩এফ/১৬, এএ–৩এফ, রাজারহাট, নিউটাউন, আকন্দকেশরী, কলকাতা–৭০০১৩৫ সমীপে তাঁর (পুং/ স্ত্রী) স্বার্থের ধরন ও বিরোধিতার কারণ উল্লেখ করে লিখিতভাবে জানান বা রেজিস্টার্ড ডাকে পাঠান এবং এর সঙ্গে একটি হলফনামা দ্বারা বক্তব্য সমর্থিত হওয়া আবশ্যক এবং এর একটি কপি অবশ্যই আবেদনকারী এই কোম্পানির উপরিলিখিত রেজিস্টার্ড অফিসের উপরোক্ত ঠিকানায় পেশ করতে হবে।
আবেদনকারী **ইকোস্পেস ইনফোটেক প্রাইভেট লিমিটেড**–এর জন্য ও তরফে
স্থান: কলকাতা
তারিখ: ৩০.০৩.২০২৬
স্বাঃ–বাবলু কর্মকার
ডিরেক্টর (08437764)

बैंक ऑफ़ बड़ौदा
Bank of Baroda

ব্র্যাবোর্ন রোড শাখা
৪, ব্র্যাবোর্ন রোড, কলকাতা–৭০০০০১
ই–মেল: brabou@bankofbaroda.bank.in

ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যানেক্সার 'A'
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের প্রেক্ষিতে ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে সুরক্ষিত ঋণদাতা রূপে ব্যাঙ্ক অফ বরোদার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং সুরক্ষিত ঋণদাতা রূপে ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তিগুলি **'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেমন আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)/ সুরক্ষিত পরিসম্পদ(গুলি)–এর বিবরণ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই–নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর অর্থাঙ্ক (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

| ক্রম / লট নং | ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর নাম ও ঠিকানা | জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ | মোট বকেয়া | ই–নিলামের তারিখ ও সময় | সংরক্ষণ মূল্য / ইএমডি অর্থাঙ্ক / বিড বাড়ানোর মূল্য | দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক) | সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | **মেসার্স শ্রী মহাবীর স্টোর্স**<br>ঠিকানা: ১৭০/১, মহাত্মা গান্ধী রোড, বড়বাজার, কলকাতা–৭০০০০৭, পশ্চিমবঙ্গ<br>**অংশীদার ও জামিনদারগণ:**<br>**(১) মিঃ কমল সারাওগী**<br>ঠিকানা: শ্রাচী গ্রিনউড সোনাটা, এফএল ১২কে, রাজারহাট নিউ টাউন, অ্যাকশন এরিয়া ২ডি, সিটি সেন্টার ২–এর নিকটে, থানা– ইকো পার্ক, পিন–৭০০১৫৭<br>**(২) মিঃ আয়ুষ সারাওগী**<br>ঠিকানা: টাওয়ার ৩, ১১এন, গ্রিনউড সোনাটা, নিউটাউন, অ্যাকশন এরিয়া ২, পিন–৭০০১৫৭ | **সম্পত্তি নং ১:** সামান্য কমবেশি ০৬ কাঠা ৩৯ বর্গফুট জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার সমেত এই জমিতে নির্মিত 'শ্যাম টাওয়ারস' নামক জি+৪ তলবিশিষ্ট বিল্ডিংয়ের সম্পূর্ণ ফার্স্ট ফ্লোর জুড়ে ভিট্রিফায়েড টাইল দিয়ে ফিনিশ করা একটি হল ও টয়লেট নিয়ে গঠিত ও সামান্য কমবেশি ৩৬৫০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট বাণিজ্যিক স্পেস ইউনিট নং ১০১–এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: কোন্নগর পুরসভার ১৬ নং ওয়ার্ডের এলাকাধীন, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ১৫৪, জি টি রোড, কোন্নগর, থানা– উত্তরপাড়া, পিন–৭১২২৩৫, জেলা– হুগলি, এল আর দাগ নং ১৩৩১৩, দাগ নং ৬৫৭৫, এল আর খতিয়ান নং ৩০১৬, আর এস খতিয়ান নং ১৯৫৫, মৌজা– কোন্নগর, জে এল নং ৭, এডিএসআর অফিস– উত্তরপাড়া, তৎসহ এর সঙ্গে সম্পর্কিত যাবতীয় এজমালি অধিকারের উত্তরাধিকার।<br>**প্রেমিসেসের চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– সাধারণ উন্মুক্ত স্পেস (আকাশের দিকে উন্মুক্ত), তার পরে ২০ ফুট চওড়া এ এল ব্যানার্জি লেন; **দক্ষিণ**– সাধারণ উন্মুক্ত স্পেস (আকাশের দিকে উন্মুক্ত), তার পরে অন্যের সম্পত্তি; **পূর্ব**– সাধারণ উন্মুক্ত স্পেস (আকাশের দিকে উন্মুক্ত), তার পরে ৬০ ফুট চওড়া জি টি রোড; **পশ্চিম**– সাধারণ উন্মুক্ত স্পেস (আকাশের দিকে উন্মুক্ত), তার পরে জুনিয়র/ প্রাইমারি স্কুল।<br>**সম্পত্তি নং ২:** সামান্য কমবেশি ০৬ কাঠা ৩৯ বর্গফুট জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার সমেত এই জমিতে নির্মিত 'শ্যাম টাওয়ারস' নামক জি+৪ তলবিশিষ্ট বিল্ডিংয়ের সম্পূর্ণ ২ নং ফ্লোর জুড়ে ভিট্রিফায়েড টাইল দিয়ে ফিনিশ করা একটি হল ও টয়লেট নিয়ে গঠিত ও সামান্য কমবেশি ৩৬৫০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট বাণিজ্যিক স্পেসে অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: কোন্নগর পুরসভার ১৬ নং ওয়ার্ডের এলাকাধীন, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ১৫৪, জি টি রোড, কোন্নগর, থানা– উত্তরপাড়া, পিন–৭১২২৩৫, জেলা– হুগলি, এল আর দাগ নং ১৩৩১৩, দাগ নং ৬৫৭৫, এল আর খতিয়ান নং ৩০১৬, আর এস খতিয়ান নং ১৯৫৫, মৌজা– কোন্নগর, জে এল নং ৭, এডিএসআর অফিস– উত্তরপাড়া, তৎসহ এর সঙ্গে সম্পর্কিত যাবতীয় এজমালি অধিকারের উত্তরাধিকার।<br>**প্রেমিসেসের চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– সাধারণ উন্মুক্ত স্পেস (আকাশের দিকে উন্মুক্ত), তার পরে ২০ ফুট চওড়া এ এল ব্যানার্জি লেন; **দক্ষিণ**– সাধারণ উন্মুক্ত স্পেস (আকাশের দিকে উন্মুক্ত), তার পরে অন্যের সম্পত্তি; **পূর্ব**– সাধারণ উন্মুক্ত স্পেস (আকাশের দিকে উন্মুক্ত), তার পরে ৬০ ফুট চওড়া জি টি রোড; **পশ্চিম**– সাধারণ উন্মুক্ত স্পেস (আকাশের দিকে উন্মুক্ত), তার পরে জুনিয়র/ প্রাইমারি স্কুল।<br>**সম্পত্তি নং ৩:** সামান্য কমবেশি ৯ ডেসিমেল জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ এবং সংশ্লিষ্ট ইউনিট সম্পর্কিত জমির পরিবর্তনীয় অংশভাগ ভোগদখলের সমানাধিকার সমেত এই জমিতে নির্মিত 'বীণাপাণি অ্যাপার্টমেন্ট' নামক বিল্ডিংয়ের সম্পূর্ণ গ্রাউন্ড ফ্লোর জুড়ে সামান্য কমবেশি ২৩৩৪ বর্গফুট কভার্ড এরিয়া (সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ২৯১৮ বর্গফুট) বিশিষ্ট বাণিজ্যিক স্পেস ইউনিটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার আর এস দাগ নং ১২২ (অংশ), এল আর খতিয়ান নং ১২৯, দাগ নং ১২৭, আর এস খতিয়ান নং ১৯৪ ও ৩২৬, জে এল নং ২৮, মৌজা– আড়াপাঁচ, থানা– সোনারপুর, পিন–৭০০১৫০, সোনারপুর ২ নং গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা– দক্ষিণ ২৪ পরগনা।<br>**প্রেমিসেসের চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– নারায়ণপুর রোড; **দক্ষিণ**– এল আর দাগ নং ১২৬ (প্রশান্ত ঘোষ); **পূর্ব**– এল আর দাগ নং ১২৬ (প্রশান্ত ঘোষ); **পশ্চিম**– অসিত কুমার ঘোষের জমি।<br>**সম্পত্তি নং ৪:** সামান্য কমবেশি ৯ ডেসিমেল জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ এবং সংশ্লিষ্ট ইউনিট সম্পর্কিত জমির পরিবর্তনীয় অংশভাগ ভোগদখলের সমানাধিকার সমেত এই জমিতে নির্মিত 'বীণাপাণি অ্যাপার্টমেন্ট' নামক বিল্ডিংয়ের সম্পূর্ণ ফার্স্ট ফ্লোর জুড়ে সামান্য কমবেশি ২৩৩৪ বর্গফুট কভার্ড এরিয়া (সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ২৯১৮ বর্গফুট) বিশিষ্ট বাণিজ্যিক স্পেস ইউনিট এবং ওই বিল্ডিংয়েরই সম্পূর্ণ ২ নং ফ্লোর জুড়ে সামান্য কমবেশি ২৩৩৪ বর্গফুট কভার্ড এরিয়া বিশিষ্ট বাণিজ্যিক স্পেস ইউনিটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার আর এস দাগ নং ১২২ (অংশ), এল আর খতিয়ান নং ১২৯, দাগ নং ১২৭, আর এস খতিয়ান নং ১৯৪ ও ৩২৬, জে এল নং ২৮, মৌজা– আড়াপাঁচ, থানা– সোনারপুর, পিন–৭০০১৫০, সোনারপুর ২ নং গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা– দক্ষিণ ২৪ পরগনা।<br>**প্রেমিসেসের চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– নারায়ণপুর রোড; **দক্ষিণ**– এল আর দাগ নং ১২৬ (প্রশান্ত ঘোষ); **পূর্ব**– এল আর দাগ নং ১২৬ (প্রশান্ত ঘোষ); **পশ্চিম**– অসিত কুমার ঘোষের জমি। | ₹১৮,৭২,৬৪,৬৫৪.৪৮ (আঠারো কোটি বাহাত্তর লক্ষ চৌষট্টি হাজার ছশো চুয়ান্ন টাকা এবং আটচল্লিশ পয়সা মাত্র), ০১.১২.২০২৫ অনুযায়ী + পুরো বকেয়া পরিশোধের তারিখ পর্যন্ত চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ + মাশুল, চার্জ ও খরচাপাতি | ০৮.০৫.২০২৬ দুপুর ১টা থেকে বিকেল ৪টা | **সম্পত্তি নং ১**<br>₹২১৩.৪৬ লক্ষ<br>₹২১.৩৪৬ লক্ষ<br>₹২০,০০০.০০<br>**সম্পত্তি নং ২**<br>₹২১১.৮২ লক্ষ<br>₹২১.১৮২ লক্ষ<br>₹২০,০০০.০০<br>সম্পত্তি নং ৩<br>₹২১১.৪১ লক্ষ<br>₹২১.১৪১ লক্ষ<br>₹২০,০০০.০০<br>**সম্পত্তি নং ৪ (ফার্স্ট ফ্লোর ও ২ নং ফ্লোর সম্মিলিত রূপে)**<br>₹৪১৮.৮৯ লক্ষ<br>₹৪১.৮৮৯ লক্ষ<br>₹২০,০০০.০০ | প্রতীকী | ২০.০৪.২০২৬ দুপুর ১২টা থেকে দুপুর ৩টে<br>সম্পর্কিত আধিকারিক: দিলীপ কুমার যাদব<br>মোবাইল: ৭০৪৪০৭৫৫৯১<br>(আগাম যোগাযোগ করে আসবেন) |

* সম্পত্তিগুলি প্রতীকী দখলে রয়েছে এবং নিলামে ক্রেতার হাতে ব্যাঙ্ক এই সম্পত্তি প্রতীকী রূপে হস্তান্তর করবে।
বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.bankofbaroda.bank.in/e-auction.htm এবং অনলাইন নিলাম পোর্টাল https://baanknet.com**–তে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গেও এই নম্বরে যোগাযোগ করতে পারেন: ৭০৪৪০৭৫৫৯১।
১. এই বিক্রি সুরক্ষিত ঋণদাতা ব্যাঙ্কের অনুমোদন সাপেক্ষ হবে।
২. সম্পত্তিগুলি প্রতীকী দখলে রয়েছে এবং বিডাররা প্রতীকী দখলে থাকা এই সম্পত্তি নিজের দায় ও ঝুঁকিতে ক্রয় করছেন।
৩. ব্যাঙ্ক উক্ত সম্পত্তির কেবলমাত্র প্রতীকী দখল হস্তান্তর করবে এবং নিলামে সফল বিডার বা ক্রেতা ব্যাঙ্কের থেকে এই সম্পত্তির বাস্তবিক দখলের জন্য দাবি জানাতে পারবেন না।
৪. সম্পত্তির বাস্তবিক দখল দিতে ব্যাঙ্ক কোনওভাবেই দায়ী বা কর্তব্যপরায়ণ থাকবে না।
৫. জমাকৃত অর্থাঙ্ক ফেরতের ক্ষেত্রে নিলামে সফল ক্রেতা কোনও সুদ পাওয়ার জন্য দাবি জানাতে পারবেন না।
৬. ই–নিলামের অব্যবহিত পরেই নিলামে সফল ক্রেতাকে উপরিলিখিত শর্ত ও নিয়মাবলি নিশ্চিতকরণের ঘোষণাপত্র তথা প্রতিশ্রুতি জমা দিতে হবে।
৭. বিক্রির পরে সফল বিডার ঘোষণাপত্র তথা প্রতিশ্রুতি জমা দিতে ব্যর্থ হলে তাঁর তরফে জমাকৃত বিডের ইএমডি অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে।
তারিখ: ৩০.০৩.২০২৬
স্থান: কলকাতা
বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য
অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা

Peerless finance
Simplifinance
পিয়ারলেস ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড
সিআইএন : U65993WB1988PLC044077
রেজিস্টার্ড অফিস : পিয়ারলেস ভবন, ৩, এসপ্ল্যানেড ইস্ট, কলকাতা ৭০০০৬৯
টেলিফোন : +৯১-৩৩-২২৪৮৩২৪৭
ইমেইল : pfs@peerlessfinance.in, ওয়েবসাইট : www.peerlessfinance.in

**সদস্যদের প্রতি বিজ্ঞপ্তি**
**বিশেষ সাধারণ সভা, বই বন্ধকরণ এবং ইমেল ঠিকানা, মোবাইল নম্বর ইত্যাদি নিবন্ধন সংক্রান্ত।**

এতদ্বারা জানানো যাচ্ছে যে, পিয়ারলেস ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড-এর সদস্যদের একটি বিশেষ সাধারণ সভা ("ইজিএম") আগামী ২১শে এপ্রিল, ২০২৬, মঙ্গলবার, দুপুর ১২.৩০ ঘটিকায় (আইএসটি) ভিডিও কনফারেন্সিং (ভিসি)/অন্যান্য অডিও-ভিজ্যুয়াল মাধ্যমে (ওএভিএম) অনুষ্ঠিত হবে। এই ইজিএম-এর নির্ধারিত স্থান হবে কোম্পানির নিবন্ধিত কার্যালয়, "পিয়ারলেস ভবন", ৩, এসপ্ল্যানেড ইস্ট, কলকাতা ৭০০০৬৯।

এই বিশেষ সাধারণ সভার উদ্দেশ্যে কোম্পানির সদস্য রেজিস্টার এবং শেয়ার হস্তান্তর বই আগামী ১৫ই এপ্রিল, ২০২৬, বুধবার থেকে ২১শে এপ্রিল, ২০২৬, মঙ্গলবার পর্যন্ত (উভয় দিন আন্তর্ভুক্ত) বন্ধ থাকবে।

২২শে সেপ্টেম্বর, ২০২৫ তারিখের এমসিএ সাধারণ সার্কুলার নং ০৩/২০২৫, যা ০৮.০৪.২০২০ তারিখের সাধারণ সার্কুলার নং ১৪/২০২০, ০৫.০৫.২০২২ তারিখের সাধারণ সার্কুলার নং ০৩/২০২২, ২৮.১২.২০২২ তারিখের সাধারণ সার্কুলার নং ১১/২০২২, ২৫.০৯.২০২৩ তারিখের সাধারণ সার্কুলার নং ০৯/২০২৩ এবং ১৯.০৯.২০২৪ তারিখের সাধারণ সার্কুলার নং ০৯/২০২৪ (যাদের সম্মিলিতভাবে এমসিএ সার্কুলারসমূহ' হিসাবে উল্লেখ করা হয়েছে) এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় ("এমসিএ") কর্তৃক সময়ে সময়ে জারিকৃত অন্য সকল প্রযোজ্য সার্কুলার (যদি থাকে), আনুসারে, এমসিএ ইলেকট্রনিক মাধ্যমে বিশেষ সাধারণ সভা ("ইজিএম") আয়োজনের অনুমতিও দিয়েছে।

উপরোক্ত এমসিএ সার্কুলার অনুসারে, ইজিএম আহ্বানের নোটিশ, যেখানে আলোচ্যসূচি উল্লেখ করা হয়েছে, তা সেইসব সদস্যদের কাছে ইলেকট্রনিক মাধ্যমে পাঠানো হয়েছে, যাদের ইমেল ঠিকানা কোম্পানি/ডিপোজিটরি পার্টিসিপ্যান্টস (ডিপি)-এর কাছে নিবন্ধিত আছে। সদস্যরা লক্ষ্য করবেন যে, নোটিশটি কোম্পানির ওয়েবসাইট www.peerlessfinance.in. -এও আপলোড করা হয়েছে।

কোম্পানি আইন, ২০১৩-এর ১০৮ ধারার বিধান এবং সংশোধিত কোম্পানি (ব্যবস্থাপনা ও প্রশাসন) বিধিমালা, ২০১৪-এর ২০ নং বিধি অনুসারে, কোম্পানি তার সদস্যদের ইজিএম-এ আলোচিতব্য প্রস্তাবনাগুলোর উপর ভোট দেওয়ার অধিকার প্রয়োগের জন্য দূরবর্তী ই-ভোটিং সুবিধা প্রদান করতে পেরে আনন্দিত। কোম্পানি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল)-এর মাধ্যমে দূরবর্তী ই-ভোটিং সুবিধা এবং ভিডিও কনফারেন্সিং (ভিসি)/অন্যান্য অডিও ভিজ্যুয়াল মাধ্যম (ওএভিএম)-এর মাধ্যমে ইজিএম-এ যোগদানের সুবিধারও ব্যবস্থা করেছে। বিশেষ সাধারণ সভা আহ্বানের বিজ্ঞপ্তিতে এই ধরনের সভায় যোগদান এবং সেখানে ই-ভোটিং-এর পদ্ধতি উল্লেখ করা আছে। বিশেষ সাধারণ সভার বিজ্ঞপ্তি www.evoting.nsdl.com. ওয়েবসাইটেও পাওয়া যাবে।

শুধুমাত্র সেই সদস্যই দূরবর্তী ই-ভোটিং এবং সভা চলাকালীন ভোটদানের সুবিধা গ্রহণ করতে পারবেন, যার নাম নির্দিষ্ট শেষ তারিখ অর্থাৎ মঙ্গলবার, ১৪ই এপ্রিল, ২০২৬ পর্যন্ত সদস্য রেজিস্টারে তালিকাভুক্ত আছে। যে সকল সদস্য দূরবর্তী ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দিয়েছেন, তাঁরা সভায় উপস্থিত থাকতে পারবেন কিন্তু পুনরায় ভোট দেওয়ার অধিকারী হবেন না।

যে কোনো ব্যক্তি যিনি সভার বিজ্ঞপ্তি প্রেরণের পর কোম্পানির সদস্য হন এবং ১৪ই এপ্রিল, ২০২৬ তারিখে শেয়ার ধারণ করেন, তিনি যদি ইতিমধ্যে NSDL-এ নিবন্ধিত থাকেন, তবে তিনি তার বিদ্যমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করতে পারেন অথবা কোম্পানির ওয়েবসাইট www.peerlessfinance.in-এ উপলব্ধ সভার বিজ্ঞপ্তিতে উল্লেখিত বিস্তারিত পদ্ধতি অনুসরণ করতে পারেন অথবা "evoting@nsdl.co.in"-এ বা কোম্পারি রেজিস্ট্রার এবং শেয়ার হস্তান্তর এজেন্ট ("RTA"), মেসার্স সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস (পি) লিমিটেড, রসোই কোর্ট, ৫ম তলা, ২০, স্যার আর এন মুখার্জি রোড, কলকাতা -৭০০০০১, টেলিফোন : ০৩৩-৬৯০৬ ৬২০০, ই-মেইল : rta@cbmsl.com-এ সোমবার, ২০শে এপ্রিল, ২০২৬ তারিখ বিকাল ৫ টার মধ্যে অনুরোধ পাঠিয়ে সাহায্য পেতে পারেন।

দূরবর্তী ই-ভোটিং ব্যবস্থা **শুক্রবার, ১৭ই এপ্রিল, ২০২৬ সকাল ১০.০০ টায় শুরু হবে এবং সোমবার, ২০শে এপ্রিল, ২০২৬ বিকাল ৫.০০ টায় শেষ হবে।** উক্ত তারিখ ও সময়ের পর দূরবর্তী ই-ভোটিং ব্যবস্থা নিষ্ক্রিয় করা হবে।

কোম্পানি ই-ভোটিং প্রক্রিয়াটি সুষ্ঠ ও স্বচ্ছভাবে নিরীক্ষা করার জন্য, প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারি শ্রী মোহন রাম গোয়েঙ্কাকে নিরীক্ষক হিসাবে নিযুক্ত করেছে, তিনি নিযুক্ত না হলে মেসার্স এমআর অ্যাসোসিয়েটস, প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারি-এর মিস স্নেহা খইতানকে নিযুক্ত করা হয়েছে।

যে কোনো জিজ্ঞাসার ক্ষেত্রে, আপনি www.evoting.nsdl.com-এর ডাউনলোড বিভাগে উপলব্ধ শেয়ারহোল্ডারদের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী NSDL এবং শেয়ারহোল্ডারদের জন্য ই-ভোটিং ব্যবহারকারী ম্যানুয়াল দেখতে পারেন অথবা ০২২ - ৪৮৮৬ ৭০০০ নম্বরে ফোন করতে পারেন অথবা evoting@nsdl.com -এ ই-মেইল পাঠিয়ে NSDL হেল্পডেস্কে অনুরোধ জানাতে পারেন অথবা ০২২ - ৪৮৮৬ ৭০০০ নম্বরে ফোন করতে পারেন অথবা যোগাযোগ করতে পারেন- শ্রীমতি রানু দে তালুকদার, কমপ্লায়েন্স অফিসার, মেসার্স সিবি ম্যানেজমেন্ট সার্ভিসেস (প্রাইভেট) লিমিটেড, রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট, রসোই কোর্ট, ৫ম তলা, ২০, স্যার আর এন মুখার্জি রোড, কলকাতা - ৭০০০০১, টেলিফোনঃ ০৩৩ - ৬৯০৬ ৬২০০, ই-মেইলঃ rta@cbmsl.com।

সদস্যদের এতদ্বারা অনুরোধ করা হচ্ছে যে, তাঁরা যেন তাঁদের ইমেল ঠিকানা, মোবাইল নম্বর এবং ব্যাঙ্কের বিবরণ কোম্পানি, আরটিএ (RTA) এবং সংশ্লিষ্ট ডিপি-দের (DP) কাছে নিবন্ধন/আপডেট করেন, যেখানে শেয়ারহোল্ডাররা তাঁদের ডিম্যাট অ্যাকাউন্ট (DEMAT Account) পরিচালনা করছেন।

যেসব শেয়ারহোল্ডারদের কাছে ফিজিক্যাল বা ভৌত আকারে শেয়ার রয়েছে, তাঁদেরকে তাঁদের হোল্ডিং ডিম্যাট ফর্মে রূপান্তর করার জন্য অনুরোধ করা হচ্ছে, কারণ ভৌত আকারে শেয়ার হস্তান্তর নিষিদ্ধ করা হয়েছে।

**এছাড়াও, সেবি (SEBI) তার ৯ই ডিসেম্বর, ২০২০ তারিখের সার্কুলার নং SEBI/HO/CFD/CMD/CIR/P/2020/242-এর মাধ্যমে ই-ভোটিং সংক্রান্ত কিছু নির্দেশিকা জারি করেছিল। ফলস্বরূপ, সেবি-র উক্ত সার্কুলার অনুযায়ী, স্বতন্ত্র ডিম্যাট শেয়ারহোল্ডারদের ই-ভোটিং-এ অংশগ্রহণের জন্য তাঁদের ডিপি-কে (DP) নিজেদের ইমেল আইডি/ মোবাইল নম্বর আপডেট করতে হবে।**

পরিচালনা পর্ষদের আদেশক্রমে
পিয়ারলেস ফাইনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড-এর পক্ষে
বিশ্বজিৎ দাস
কোম্পানি সচিব
স্থান : কলকাতা
তারিখ : ১১/০৩/২০২৬